



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২৩- ৬০২

তাং-১৮/০১/২০২৩ খ্রিঃ।

### দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

বিষয়ঃ মিটার কার্ড সরবরাহের জন্য (RFQ) দরপত্র আহ্বান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন অফিসের চাহিদার প্রেক্ষিতে “মিটার কার্ড” সরবরাহের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে “আর এফ কিউ (রিকোয়েস্ট ফর কোটেশন)” এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলী

- ০১। মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বার্ষিক সদস্য সভা উপলক্ষ্যে “মিটার কার্ড” সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহ্বান করা যাচ্ছে।
- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট [www.pbs.munshiganj.gov.bd](http://www.pbs.munshiganj.gov.bd) এ দেখতে পারবেন।
- ০৩। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।
- ০৪। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
- ০৫। দরপত্র আগামী ২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সিপাহীপাড়া সদর দপ্তর এবং পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে। দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১:০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৬। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সির সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৭। কার্যাদেশ প্রদানের সময়ে বর্ণিত আইটেমের মালামালের পরিমাণ ২০% কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৮। খামের উপর “মিটার কার্ড” সরবরাহের দরপত্র কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। “মিটার কার্ড” সরবরাহের সময় অফিসের কোন দ্রব্যাদি ক্ষতি হলে ক্ষতি পূরণ দিতে হবে এবং কোন লেবার ক্ষতিগ্রস্ত হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১০। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে “মিটার কার্ড” সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।




- ১১। মালামার সরবরাহের পর কমিটির সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১২। প্রদত্ত বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ১৩। উল্লেখিত শর্তাবলী ব্যতীত অপরাপর কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হইলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়াগন্য হবে।
- ১৪। কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

  
 (শেখ মোহাম্মদ আলী)  
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ

- ০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
- ০৭। ডিজিএম (মুন্সীগঞ্জ/শ্রীনগর), জোনাল অফিস, মুপবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব), মুপবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। নোটিশ বোর্ড
- ১১। অফিসকপি/মাষ্টারকপি।

  
 (শেখ মোহাম্মদ আলী)  
 জেনারেল ম্যানেজার

